

বিদেশ থেকে পিতামাতার চিকিৎসার ব্যবস্থায় সাহায্য করার প্রকল্প 'হোপ'

আমাদের দেশের অনেক যুবশক্তি এখন পাকাপাকি ভাবে বিদেশ পাড়ি দিচ্ছেন। দেশে থাকছেন তাঁদের পিতামাতা। কোনও দরকারে, বিশেষত অসুস্থ হয়ে পড়লে অত দূর থেকে বাবা মায়ের চিকিৎসার দেখভাল করা তাঁদের পক্ষে সম্ভব হয় না। টাকার অভাব না থাকলেও ইচ্ছে হলেই দেশে ফেরা যায় না— ছুটি ইত্যাদি অনেক ধরনের সমস্যা থাকে। দূর থেকে তাঁরা উদ্বেগ ও চিন্তায় ছটফট করেন। এই প্রবাসী সন্তানদের পিতামাতার কথা ভেবে মেডিকা হসপিটাল নিয়ে এসেছে একটি নতুন প্রকল্প— যার নাম 'হোপ'।

রেজিস্ট্রেশন চার্জ দুশো ডলার। এর মধ্যে আছে এক দফা পুরো মেডিকেল চেকআপ, দরকার হলে অ্যান্ডুলেন্স পাঠানোর ব্যবস্থা করা, হাসপাতালে আসার সময় সঙ্গে একজন যাতে থাকেন (হাসপাতালের তরফে) সেই ব্যবস্থা করা। হাসপাতালের বিল সরাসরি পৌঁছে যাচ্ছে প্রবাসী সন্তানের কাছে। ১৫ দিনের মধ্যে টাকা দিতে হবে। এছাড়া এই প্রকল্পের আওতায় আছে ডাক্তারের সঙ্গে অ্যাপয়েন্টমেন্ট করে দেওয়া, প্রয়োজনীয় পরীক্ষনিরীক্ষার ব্যবস্থা করে দেওয়া, ওষুধপত্র কিনে দেওয়া, যেসব ওষুধ নিয়মিত খেতে হয় তা বাড়িতে পাঠানোর ব্যবস্থা করা (এক মাসের ওষুধ)। হাসপাতাল থেকে ই-মেলে চিকিৎসার অগ্রগতি সম্পর্কে রিপোর্ট নিতে পারবেন সন্তানরা।